ISSN : 0976-9463

Volume 27 • Issue 4 • Number 47

# TABU EKALAVYA

# তবু একলব্য


An International Peer-reviewed Refereed Research Journal on Arts & Humanities

কলা ও মানববিদ্যা বিষয়ক গবেষণাধর্মী পিয়ার-রিভিউড রেফার্ড পত্রিকা

## সমাজ

## সংস্কৃতি

## সাহিত্য



ISSN 0976-9463

# তবু একলব্য

৪৭

বর্ষ ২৭ • সংখ্যা ৪ | Volume 27, Issue 4
ক্রমিক ৪৭ | Number 47

# TABU EKALAVYA

An International Peer-reviewed & Refereed Research
Journal on Arts & Humanities

কলা ও মানববিদ্যা বিষয়ক গবেষণাধর্মী
রেফার্ড ও পিয়ার-রিভিউড পত্রিকা

## সমাজ-সংস্কৃতি-সাহিত্য

সম্পাদনা ও সংকলন

ড. দেবারতি মল্লিক

ড. দীপঙ্কর মল্লিক

আমন্ত্রিত সম্পাদক

ড. লিপিকা সরকার

দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন
সমাজ-সংস্কৃতি-সাহিত্য গবেষণাকেন্দ্র

❖ তুলনামূলক পাঠ ------

৫২২ মার্কস্ ও বিবেকানন্দের সমাজচিন্তা : কিছু তুলনামূলক আলোচনা ‖ ভানুমতি রায়

৫৩৯ The Village as a Representative of the Real India: A Comparative Study of Bibhutibhusan Bandyopadhyay's 'Pather Panchali' and Anita 'Desai's The Village by the Sea' ‖ Indrajit Mukherjee

❖ সমাজ ও সংস্কৃতির উত্তরাধিকার ------

৫৪৪ সেকালে বাঙালির খাদ্যসংস্কৃতিতে ঔপনিবেশিক অভিঘাত ‖ মুগ্ধ মজুমদার

৫৫৩ ভারতীয় সংস্কৃতিতে সমাজ ও সাহিত্যের মেলবন্ধন ‖ কাঞ্চন বারিক

৫৫৮ প্রাচীন ইতিহাস নির্মাণ প্রসঙ্গে পুরাণ ও মহাকাব্য ‖ অয়ন দাস

৫৬২ মহাভারতে সনাতন তত্ত্বজ্ঞানের আলোকে সংস্কৃতিতত্ত্ব ‖ ইন্দ্রানী মণ্ডল

❖ রাজনৈতিক প্রসঙ্গ ------

৫৭০ রাজনৈতিক আবর্তে নজরুলের ভাবনা ‖ আশিস রায়

❖ কিশোর সাহিত্য ------

৫৭৬ বাংলা কিশোর সাহিত্যের স্বতন্ত্রসত্তা বুদ্ধদেব গুহর 'ঋজুদা' ‖ প্রিয়াঙ্কা ভট্টাচার্য

❖ রসতত্ত্ব, সংগীত ও অন্যান্য প্রবন্ধ ------

৫৮৩ 'ভারতপ্রেমকথা'র ভাষাশৈলী ‖ পাঞ্চালী মুখার্জী

৫৯৩ প্রাচ্য রসতত্ত্বের সহজ পাঠ : লালমোহন ভট্টাচার্যের 'কাব্যনির্ণয়' : একটি গবেষণাধর্মী অনুসন্ধান ‖ নীলকমল বাগুই

৬০০ ব্রহ্মসংগীত রচনায় নারীদের অবদান ‖ চন্দ্রাণী দাস

৬০৮ বাংলা গানের উদ্ভবের প্রেক্ষাপট ও রবীন্দ্রনাথ ‖ মধুমিতা সরকার

৬১৪ ভাষা, সংস্কৃতি ও উইটগেনস্টাইনের দর্শন ‖ তৃপ্তি ধর ও মৌমিতা ব্যানার্জি

৬২০ দারিদ্র্য দূরীকরণে বিশ্বব্যাঙ্ক এবং রাষ্ট্র সংঘের ভূমিকা ‖ কাকলি কুন্ডু

৬২৭ উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে বাংলার নারী জাগরণে কেশবচন্দ্র সেনের ভূমিকা ‖ রত্না পাল

৬৩৩ ভারতীয় অলংকারশাস্ত্রে ভক্তিরসের স্থান ‖ দেবব্রত বৈদ্য

৬৪০ নিপীড়ন ও বিচারব্যবস্থা : সাহিত্য ও সমাজপ্রেক্ষিতে ঔপনিবেশিক বাংলার গ্রাম ও শহর ‖ তুষার কান্তি সাহা

৬৪৭ শরৎচন্দ্রের লেখনীতে মহামারীর আবহে পরিবেশ প্রকৃতি ও মানবজীবনের টানাপোড়েনের চিত্র ‖ কাজল মাল

৬৫৪ প্রাবন্ধিক পরিচিতি

# 'ভারতপ্রেমকথা'-র ভাষাশৈলী

পাঞ্চালী মুখার্জী

মহাভারতের নানা উপাখ্যানে ছড়িয়ে থাকা প্রেমকাহিনি অবলম্বনে সুবোধ ঘোষ রচনা করেছেন 'ভারতপ্রেমকথা' গল্পগ্রন্থটি। গ্রন্থের ভূমিকায় লেখক নিজের অভিপ্রায় জানিয়ে বলেছেন—

> মহাভারতীয় প্রেমোপাখ্যানগুলির বৈচিত্র্য আরও বিস্ময়কর। উপাখ্যানগুলি যেন প্রণয়তত্ত্বেরই মনোবিশ্লেষণ।...ভারত প্রেমকথার বিশটি গল্প এই রকমই বিশটি মহাভারতীয় প্রেমোপাখ্যানের পুনর্গঠিত অথবা নবনির্মিত রূপ।

অর্থাৎ সুবোধ ঘোষ প্রাচীনের অনুকরণ করেননি, বরং আধুনিক দেশকালে দাঁড়িয়ে ব্যক্তিক প্রেমের আনুষ্ঠানিক রূপকে পরিস্ফুট করেছেন। মূলকাহিনিকে অনেকক্ষেত্রে নতুনভাবে সাজিয়ে নিয়েছেন গল্পকার। পৌরাণিক চরিত্রগুলি রক্তমাংসের মানুষ হিসেবে তাদের ব্যক্তিগত ইচ্ছা-অনিচ্ছা, কামনা বাসনার কথা বলেছেন। নিজেদের অনুভূতি, উপলব্ধি প্রকাশের বৈশিষ্ট্যেই তারা হয়ে উঠেছে আধুনিক চরিত্র। একই সঙ্গে লেখকের আধুনিক জীবনবীক্ষা কাহিনির পরতে পরতে প্রবিষ্ট হয়েছে।

'ভারতপ্রেমকথা'-র পুনর্নির্মিত গল্পগুলিতে সুবোধ ঘোষ পুরাতনের চিরন্তন রূপটি অনুসন্ধান করেছেন আর সেই কারণেই ভাষাশৈলীও নির্মাণ করেছেন প্রাচীন পরিবেশের সঙ্গে সাযুজ্য রেখে। এই গ্রন্থের গল্পগুলির ভাষাশৈলী বিশ্লেষণের ক্ষেত্রে প্রধানত ধ্বনিগত বিশিষ্টতাকে নয়। সাহিত্যশৈলীর বিশেষ বিশেষ সূচকগুলিকেই প্রাধান্য দেওয়া হয়েছে। ভাষা সংগঠন থিমের সঙ্গে কতটা অন্বিত তা যেমন দেখা হয়েছে, তেমনি প্রাচীন সময় বা ধ্রুপদি কালকে শব্দ সমবায় কতটা পরিস্ফুট অথবা তা থেকে কতটা দূরবর্তী তা দেখা হয়েছে।

২

• **ধ্রুপদি গরিমার ভাষা :** রামায়ণ-মহাভারতের মতো প্রাচীন 'মহাকাব্যের ভাষা ওজস্বী ও গাম্ভীর্যপূর্ণ। অতীতের ধ্রুপদি মহিমা যেমন ভাষার মাধ্যমে ব্যক্ত হয়েছে তেমনি চরিত্রের ভাবগাম্ভীর্য ও পরিস্ফুট হয়েছে। তৎসমবহুল শব্দের মধ্যে দিয়ে ধ্বনিঝংকারের সাহায্যে গদ্যকে তিনি ফুটিয়ে তুলেছেন। রাজপ্রাসাদ বর্ণনার ভাষা—

> বরুণ নিকেতন, এখানে শশিতপনের আলোকের প্রয়োজন হয় না। লক্ষ নাগমণির রশ্মিপুঞ্জে জলাধিপতির নিলয় উদ্ভাসিত হয়ে আছে। প্রবালকীটের পঞ্জরে গঠিত সৌধদেহ, মরকতযুত বেদিকা আর বৈক্রান্ত স্তবকে খচিত স্তম্ভশ্রেণি। বিগলিত ইন্দ্রধনুর চেয়েও বর্ণাঢ্য শোভায় যেন আলিম্পিত হয়ে রয়েছে রসাতলের এক রত্নপুরী। (উতথ্য ও চান্দ্রেয়ী)